# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**02-05-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবর –

১। দক্ষিণ ২৪ পরগনার দুই বিধানসভা কেন্দ্রের ১৫টি বুথে আজ পুনর্নির্বাচনে ভোটগ্রহণ শান্তিপূর্ণ ও নির্বিঘ্নেই চলছে।

দুপুর ১ টা পর্যন্ত ভোটদানের হার গড়ে ৫৫ দশমিক ৫/৭ শতাংশ।

২। ভোটগণনা কেন্দ্রে কাউন্টিং সুপারভাইজার হিসেবে শুধুমাত্র কেন্দ্রীয় সরকারি কর্মীদের নিয়োগের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেসের দায়ের করা মামলায় কমিশনের নির্দেশিকাকেই মান্যতা দিল সুপ্রীম কোর্ট।

৩। স্ট্রং রুমের নিরাপত্তা নিয়ে শাসক ও বিরোধী পক্ষের মধ্যে রাজনৈতিক চাপানউতোর চলছে।

#কলকাতা সহ রাজ্যের প্রতিটি স্ট্রং রুমের সামনে নিরাপত্তা জোরদার করা হয়েছে।

৪। কিংবদন্তি চলচ্চিত্রকার সত্যজিৎ রায়ের আজ ১০৫ তম জন্মবার্ষিকী। শহর জুড়ে বিভিন্ন জায়গায় চলছে উদযাপন।

৫। কলকাতা-সহ দক্ষিণবঙ্গে এখনই ঝড়-বৃষ্টি থামার লক্ষণ নেই। মঙ্গলবার পর্যন্ত গোটা রাজ্যে জারি রয়েছে সতর্কতা

---

দক্ষিণ ২৪ পরগনার দুই বিধানসভা কেন্দ্রের ১৫টি বুথে আজ পুনর্নির্বাচন ভোটগ্রহণ শান্তিপূর্ণ ও নির্বিঘ্নেই চলছে। নির্বাচন কমিশনের নির্দেশে, মগরাহাট পশ্চিমের ১১ টি, এবং ডায়মন্ড হারবারে ৪টি বুথে ফের ভোট নেওয়া হচ্ছে। চলবে সন্ধ্যা ৬টা পর্যন্ত।

এইমাত্র পাওয়া খবরে জানা গেলো মগরাহাট পশ্চিম বিধানসভা কেন্দ্রে যে বুথগুলিতে ভোট গ্রহণ চলছে, সেখানে ৫৬ দশমিক ৩/৩ শতাংশ এবং ডায়মন্ডহারবার বিধানসভা কেন্দ্রে যে বুথগুলিতে ভোট নেওয়া হচ্ছে, সেখানে ৫৪ দশমিক ৯ শতাংশ ভোট পড়েছে। বেল ১ টায় এই তথ্য হাতে এসেছে।

বিভিন্ন বুথে ভোটারদের লাইন চোখে পড়ছে। পরিস্থিতি মোটের ওপর শান্তিপূর্ণ। আমরা সরাসরি চলে যাবো আমাদের প্রতিনিধি অভিজিৎ চক্রবর্তী কাছে। অভিজিৎ, তুমি ওখানের পরিস্থিতি জানাও।

( ভিসি অভিজিৎ ১-৪০ )

উল্লেখ্য, নির্বাচন কমিশন গতসন্ধ্যায় রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়ে ফের ভোট গ্রহণের নির্দেশ দেয়। গত ২৯ শে এপ্রিল দ্বিতীয় দফা ভোটের সময়ে এইসব বুথগুলি থেকে অশান্তি এবং নির্বাচনী প্রক্রিয়ায় বিঘ্ন ঘটার খবর আসে। এর প্রেক্ষিতে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার এবং পর্যবেক্ষকরা রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে রিপোর্ট পাঠান।

অন্যদিকে, ১৪৪ ফলতা বিধানসভা কেন্দ্রের বিভিন্ন বুথে যে অভিযোগ জমা পড়ে তার ভিত্তিতে এখনও পর্যন্ত পুনর্নির্বাচনের কোনও সিদ্ধান্ত জানায়নি নির্বাচন কমিশন।

--------------------

ভোটগণনা কেন্দ্রে কাউন্টিং সুপারভাইজার হিসেবে শুধুমাত্র কেন্দ্রীয় সরকারি কর্মীদের নিয়োগের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেসের দায়ের করা মামলায় কমিশনের নির্দেশিকাকেই মান্যতা দিল সুপ্রীম কোর্ট। এর আগে কলকাতা হাইকোর্টেও মামলাটি খারিজ হয়ে গিয়েছিল। তার বিরুদ্ধে গতরাতে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়ে তৃণমূল কংগ্রেস জরুরী ভিত্তিতে শুনানির আবেদন জানায়। আজ শীর্ষ আদালতের ছুটি থাকলেও এই মামলার জন্যই বিশেষ বেঞ্চ গঠন করা হয়েছিল।

শুনানিতে দুই বিচারপতি পি এস নরসিনহা ও জয়মাল্য বাগচির বেঞ্চ জানিয়েছে, নির্বাচন কমিশনের জারি করা নির্দেশ যথাযথভাবে পালন করতে হবে। বিচারপতি জয়মাল্য বাগচি বলেন, কাউন্টিং এজেন্ট হিসাবে কাদের নিযুক্ত করা হবে, তা সম্পূর্ণভাবে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত। প্রতিটি টেবিলে কাউন্টিং এজেন্টের পাশাপাশি কাউন্টিং সুপারভাইজার ও একজন মাইক্রো অবজার্ভার থাকার কথা। তার মধ্যে কেন্দ্র বা রাজ্য যেকোনো সরকারের কর্মীই থাকতে পারেন। সুতরাং গণনা কর্মী নিয়োগ নিয়ে আপাতত কোনো অতিরিক্ত নির্দেশের প্রয়োজন নেই। কমিশনের সিদ্ধান্তে হস্তক্ষেপ করতেও অস্বীকার করেছে সর্বোচ্চ আদালত।

বিজেপির আইটি সেলের জাতীয় আহ্বায়ক অমিত মালব্য সমাজ মাধ্যমে একটি বার্তায় বলেন, সুপ্রিম কোর্টের এই সিদ্ধান্তের পর কার্যত আইনি লড়াইয়ে পরাজয় হল তৃণমূল কংগ্রেসের। এর থেকে ফের প্রমাণিত, নির্বাচনী প্রক্রিয়ায় নির্বাচন কমিশনের নিয়মের উপর কোনও রকম হস্তক্ষেপ করবে না আদালত।

--------------------

স্ট্রং রুমের নিরাপত্তা নিয়ে শাসক ও বিরোধী পক্ষের মধ্যে রাজনৈতিক চাপানউতোর চলছে। তৃণমূল কংগ্রেস প্রার্থী শশী পাঁজা এক সাংবাদিক বৈঠকে গণনা কেন্দ্রের CCTV ক্যামেরার ত্রুটি নিয়ে প্রশ্ন তোলেন। বিষয়গুলি নির্বাচন কমিশনের সুনিশ্চিত করা প্রয়োজন বলে মন্তব্য করেন তিনি।

( বাইট- শশী পাঁজা )

অন্যদিকে, গত বৃহস্পতিবার ভবানীপুর কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী মমতা ব্যানার্জীর শাখাওয়াত মেমোরিয়াল স্কুলের কাউন্টিং সেন্টারে যাওয়াকে কটাক্ষ করেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

(বাইট- সুকান্ত )

---------------------

পূর্ব বর্ধমানের ইউআইটি ক্যাম্পাসে তৈরি স্ট্রংরুমে ইভিএমের নিরাপত্তা, CCTVর কার্যকারিতা এবং গভীর রাতের সন্দেহজনক গতিবিধি নিয়ে একাধিক অভিযোগ উঠেছে। বর্ধমান উত্তর বিধানসভার বিজেপি প্রার্থী সঞ্জয় দাসের অভিযোগ, রাতের দিকে মাঝেমধ্যেই সিসিটিভির ক্যামেরা বন্ধ হয়ে যাচ্ছে। গভীর রাতে ভবনের ছাদে কিছু লোকের ওঠানামা এবং হাতুড়ির শব্দ শোনা গিয়েছে বলেও অভিযোগ করেন তিনি। এর ফলে ইভিএমের নিরাপত্তা নিয়ে যথেষ্ট সন্দেহ তৈরি হয়েছে। ইতিমধ্যেই তিনি ভিডিও-সহ পুরো বিষয়টি নির্বাচন কমিশনের নজরে এনেছেন।

অন্যদিকে, পূর্ব বর্ধমান জেলা তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি স্বরাজ ঘোষও নজরদারি ব্যবস্থার ত্রুটি নিয়ে প্রশ্ন তুলেছেন। তাঁর অভিযোগ, সিসিটিভি রেকর্ডিংয়ের সময় ভারতীয় সময়ের থেকে ১-২ মিনিট এগিয়ে থাকছে। ফলে কোনো বড় ঘটনা ঘটলে তার সঠিক সময় নির্ধারণ করা কঠিন হয়ে পড়বে বলে আশঙ্কা প্রকাশ করেছেন তিনি।

যদিও নির্বাচন কমিশনের পক্ষ থেকে বারবার স্বচ্ছতা ও নিরাপত্তা বজায় রাখার আশ্বাস দেওয়া হয়েছে, তবুও একের পর এক অভিযোগে প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলছে বিভিন্ন মহল।

---------------------

কলকাতা সহ রাজ্য জুড়ে সমস্ত স্ট্রং রুমে নিরাপত্তা বেষ্টনী বাড়াতে বিশেষ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। স্ট্রং রুমের ১০০ মিটারের মধ্যে জারি হয়েছে ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ ধারা জারি করেছে। সর্বত্র মোতায়েন করা হয়েছে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী।

কলকাতার ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্র, সাখাওয়াত মেমোরিয়াল স্কুল, হেস্টিংস হাউস, যাদবপুরের এপিসি রায় পলিটেকনিক কলেজ, সেন্ট টমাস বয়েজ স্কুল, বাবাসাহেব আম্বেদকর এডুকেশন ইউনিভার্সিটি ও বালিগঞ্জ গভর্মেন্ট হাই স্কুলের ২০০ মিটারের মধ্যে পাঁচজন বা তার বেশি জমায়েত করা নিষিদ্ধ করেছে পুলিশ। পুলিশ কমিশনার অজয় নন্দ এক নির্দেশিকায় জানিয়েছেন, এই এলাকায় কোনো মিটিং, মিছিল, সমাবেশ বা বিক্ষোভ প্রদর্শন করা যাবে না। গতসন্ধ্যাতেই এই

নির্দেশিকা কার্যকর হয়েছে। গণনা শুরু হওয়া পর্যন্ত এই নিষেধাজ্ঞা জারি থাকবে। নির্দেশ অমান্য করলে পুলিশ আইন অনুযায়ী ব্যবস্থা নেবে বলেও উল্লেখ করা হয়েছে।

--------------------

ভোট গণনার আগে আজ দলের কাউন্টিং এজেন্টদের সঙ্গে বৈঠকে বসতে চলেছে তৃণমূল কংগ্রেস। বিকেলে ভার্চুয়াল মাধ্যমে এই বৈঠক হওয়ার কথা। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ছাড়াও অন্যান্য নেতৃত্ব বৈঠকে উপস্থিত থাকতে পারেন। ইতিমধ্যেই বিভিন্ন এলাকায় স্ট্রংরুমের নিরাপত্তা নিয়ে দলের পক্ষ থেকে প্রশ্ন তোলা হয়েছে। গত বৃহস্পতিবার কলকাতার দুই গণনা কেন্দ্রে শাসক ও বিরোধী পক্ষের মধ্যে বাদানুবাদ ও অশান্তির পর আরও বাড়ানো হয়েছে নজরদারি। আজকের বৈঠকে স্ট্রংরুমে চূড়ান্ত নজরদারি এবং গণনার দিন কর্মীদের ভুমিকা নিয়ে অভিষেক পরামর্শ দিতে পারেন বলে মনে করা হচ্ছে।

--------------------

আগামী চৌঠা মে সোমবার, বিধানসভা নির্বাচনের ভোটগণনার দিন আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ সকাল ১০টা থেকে বিকেল চারটে পর্যন্ত গীতাঞ্জলি প্রচার তরঙ্গে বিশেষ নির্বাচনী অনুষ্ঠান "জনমত ২০২৬" সম্প্রচার করবে। এর দ্বিতীয় পর্ব শোনা যাবে রাত আটটা পাঁচ থেকে ন'টা পর্যন্ত।

নির্বাচনী সংবাদের পাশাপাশি এতে থাকবে ভোটগণনার গতিপ্রকৃতি, ফলাফল বিশ্লেষণ ও রাজনৈতিক ব্যক্তিত্বদের মতামত।

আকাশবাণী শিলিগুড়ি, শান্তিনিকেতন ও মুর্শিদাবাদ কেন্দ্র দুটি পর্বই রিলে করবে। এছাড়া DTH পরিষেবা, ফেসবুক পেজ আকাশবাণী সংবাদ কলকাতা এবং ইউ টিউব চ্যানেল RNU-কলকাতা সোশ্যাল মিডিয়াতেও "জনমত ২০২৬ "শোনা যাবে।

--------------------

কিংবদন্তী চলচ্চিত্রকার সত্যজিত্ রায়ের আজ ১০৫ তম জন্মবার্ষিকা। এই উপলক্ষ্যে শহরের বিভিন্ন জায়গায় আয়োজন করা হয়েছে বিভিন্ন অনুষ্ঠান। একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট- কাশফিন

--------------------

কলকাতা-সহ দক্ষিণবঙ্গে এখনই ঝড়-বৃষ্টি থামার লক্ষণ নেই। উত্তরবঙ্গেও রয়েছে ভারী বৃষ্টির পূর্বাভাস। কলকাতা-সহ দক্ষিণবঙ্গে হালকা বৃষ্টির পাশাপাশি চলবে ঝড়। আগামী মঙ্গলবার পর্যন্ত গোটা রাজ্যে জারি রয়েছে সতর্কতা। রবি ও সোমবারও গোটা দক্ষিণবঙ্গেই ঝড়-বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। উত্তরবঙ্গের আট জেলায় রয়েছে হলুদ সতর্কতা। তবে ঝড়বৃষ্টির কারণে আপাতত তাপমাত্রার খুব বেশি হেরফের হবে না। গত তিনদিন ধরে বৃষ্টি ও মেঘলা আবহাওয়ার জন্য নেমেছে তাপমাত্রার পারদ। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২২ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ৪ দশমিক ১ ডিগ্রি কম।

আজ দুই বর্ধমান, বীরভূম, নদীয়া, মুর্শিদাবাদ এবং উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা জেলায় বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের দার্জিলিং কালিম্পং জলপাইগুড়ি আলিপুরদুয়ার এবং কোচবিহার জেলায় ভারী বৃষ্টির

কমলা সতর্কতা রয়েছে। মৎস্যজীবীদের আগামী ৫ তারিখ পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

এদিকে বুধবার বিকেল থেকে টানা কালবৈশাখির ঝড়বৃষ্টিতে বর্ধমানের বিভিন্ন প্রান্তে বোরো ধানের ব্যাপক ক্ষয়ক্ষতি ও লোকসানের আশঙ্কা করছেন চাষীরা।

-------------------- --------------------